ভাষা এবং সাক্ষরতা

# আনন্দের জন্য পড়া

# Reading for pleasure

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

CC BY SA

http://creativecommons.org/licenses/

The Open University

UKaid from the British people

*TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।*

*TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।*

***ভিডিও সম্পদসমূহ***

*এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: । এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*



*তৃতীয় পন্দক্ষর উপাদানগুলি বা অন্যর্থায় বর্ণিত না হন্দল এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইন্দসন্দক্ষর অধীন্দন উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/*

*TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government*

# এই  ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিট আপনার শিক্ষার্থীদের পড়ার আগ্রহ বাড়ানোয় আপনার ভূমিকার ওপর মনোনিবেশ করে। শিক্ষার্থীরা পড়াটা যত বেশি উপভোগ করবে, তারা আরও বেশি পড়তে চাইবে। তারা যত বেশি পড়ার সুযোগ পাবে, পড়ায় তত বেশি দক্ষ হবে। এটা একটা উৎকর্ষতার আবর্ত।

একজন শিক্ষক যিনি পড়েন আর একজন পাঠক যিনি শিক্ষাদান করেন এই ভূমিকায়, আপনি একজন গুরুত্বপূর্ণ আদর্শ মডেল এবং আপনার শিক্ষার্থীদের পড়ার আনন্দে অনুপ্রাণিত করতে পারেন।

এই ইউনিট আপনাকে শ্রেণিকক্ষের অনুশীলনের সাথে পরিচিত করাবে যা আপনার শিক্ষার্থীদের পড়ার প্রতি ইতিবাচক মনোভাব গড়ে তুলতে সাহায্য করবে, যাতে তাদের পড়ার “ইচ্ছের” পাশাপাশি পড়ার “দক্ষতাও” থাকে।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- কী করে আপনার শিক্ষার্থীদের জন্য আপনাকে আদর্শ পাঠক হতে হবে।
- কি ভাবে আপনাকে কার্যকলাপের পরিকল্পনা করতে হবে যা আপনার শিক্ষার্থীদের পড়ার আনন্দকে বিকশিত করবে।
- শিক্ষার্থী সহপাঠীদের সহায়তা আর সহযোগিতামূলক শিখনের জন্য কীভাবে জুটিতে পড়ার ব্যবস্থা করতে হবে।

# কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ

পাঠক হওয়ার বহু সুবিধা আছে। পাঠ করা মানসিক উদ্দীপনা জোগায়। এটা জ্ঞান, সচেতনতা আর উপলব্ধির বিকাশ ঘটায়। এটা শোনা আর বলার দক্ষতা বিকশিত করে, আর ভালো লেখার দক্ষতাকেও প্রভাবিত করে। যে শিক্ষার্থীরা সাবলীলভাবে পড়তে শেখে না, তারা শিক্ষার জন্য উপলব্ধ সুযোগগুলো গ্রহণ করতে ও তাতে অংশগ্রহণ করতে সমস্যায় পড়ে আর তাদের পিছিয়ে পড়ার ঝুঁকি থাকে।

আমরা যদি নির্দিষ্ট একটা অ্যাক্টিভিটি উপভোগ করি, আমরা এটা আরও বেশি করে করার সুযোগ খুঁজে নেব। আমরা যত বেশি করে এই কার্যকলাপে যুক্ত হব, আমরা এটায় তত ভালো হব। এটা যেমন পড়ার জন্য সত্য, অন্য কোনও দক্ষতার জন্যও সত্য। আপনার শিক্ষার্থীদের নিয়মিত আনন্দজনক ভাবে পড়ার সুযোগ দিয়ে আপনি তাদের সারাজীবনের জন্য আত্মবিশ্বাসী পাঠকে পরিণত করতে পারেন।

# 1 একজন আদর্শ পাঠক হয়ে ওঠা

শিক্ষার্থীদের পড়ার মানসিকতা তাদের শিক্ষকদের দ্বারা গভীরভাবে প্রভাবিত হয়। এই ইউনিট এমন অনেকগুলো উপায় প্রস্তাব করে যাতে আপনি বিভিন্ন প্রকারের পাঠ্য পড়ার আনন্দকে সুস্পষ্টভাবে দেখাতে পারেন।

আপনি একজন শিক্ষিকার কেস-স্টাডি পড়ার মাধ্যমে শুরু করতে পারেন, যিনি তার শিক্ষার্থীদের পড়ার আনন্দের সাথে পরিচয় করানোর একটা রাস্তা আবিষ্কার করেছিলেন।

## কেস স্টাডি 1: খবরের কাগজ পড়া

*শ্রীমতি রুবি বিশ্বাস হুগলিতে ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের একটি বিশাল দলকে পড়ান। এখানে তিনি ব্যাখ্যা করেছেন, কীভাবে তিনি তার শ্রেণিতে আনন্দের জন্য পাঠ করা প্রদর্শন করার জন্য খবরের কাগজকে ব্যবহার করেছেন।*

দুর্ভাগ্যজনকভাবে, আমার পারিবারিক দায়িত্ব আর কাজের চাপের কারণে আমি যতটা পড়তে চাই তত সময় পাই না। তা সত্ত্বেও আমার শিক্ষার্থীদের পড়ার মূল্য আর আনন্দ অনুভব করানো আমার কাছে ভীষণ গুরুত্বপূর্ণ।

এ বছরের শুরুর দিকে একদিন সকালে আমি যখন শ্রেণিকক্ষে বসে খবরের কাগজে একটা গল্প পড়ছিলাম তখন আমার শিক্ষার্থীরা শ্রেণিতে আসে। [টাইমস অফ ইন্ডিয়া, 2014] তারা বসার পরে, আমি খবরের কাগজ রেখে তাদের বললাম, 'আমি এইমাত্র ভীষণ আকর্ষণীয় বিষয়টা পড়ছিলাম! এটা "দিল্লি আই" এর ব্যাপারে, যা ভারতের সবচেয়ে বড় নাগরদোলা!'

আমি তাদের একটা মস্ত বড় নাগরদোলার ছবি দেখালাম আর বলতে থাকলাম: 'এখানে বলেছে একেবারে উপর থেকে কুতুব মিনার, লাল কেল্লা, অক্ষরধাম মন্দির, লোটাস টেম্পল আর হুমায়ূনের স্মৃতি সৌধের মত মনুমেন্টগুলো দেখা যায়।' আমার শিক্ষার্থীরা এই খবর শুনে মোহিত হয়েছিল।

আমি ব্যাখ্যা করলাম, খবরের কাগজে কত আকর্ষণীয় বিষয় পড়ার আছে। আমি আমার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করলাম তারা বিদ্যালয়ের বাইরে কতবার কাগজ পড়ে। দু'এক জন শিক্ষার্থী জানালো যে তারা স্থানীয় দোকানে ছবি আর বড় হেডলাইন সমেত খবরের কাগজ দেখেছে। আরেকজন বলল তার বাবা প্রতিদিন কমিউনিটি সেন্টারে যেত কাগজ পড়তে। এই কথোপকথন থেকে আমি আমার শিক্ষার্থীদের ব্যাপারে আরও কিছুটা বেশি জানতে পারলাম।

তারপর থেকে প্রতিদিন সকালে আমি কাগজ থেকে আমার শিক্ষার্থীদের সাথে এক টুকরো খবর আলোচনা করতাম। তাদের কাছে আগ্রহজনক হতে পারে এমন কোন কিছু বেছে নেবার আগে আমি যখন পাতা ওলটাতাম, প্রতিবার আমি তাদের পর্যবেক্ষণ করতে দিতাম। এটা আমার পক্ষে খুব আনন্দজনক ছিল কারণ এটা আমায় প্রতিদিন কাগজ পড়ার সুযোগ করে দিত। আমার শিক্ষার্থীরাও স্থানীয় আর আন্তর্জাতিক সংবাদ জানার জন্য আগ্রহী থাকতো। আমার শিক্ষার্থীদেরকে সংবাদের অন্তর্ভুক্ত কোনো নতুন ভাষার সাথে পরিচিত করানোর সময়, সংক্ষেপে আলোচনার মাধ্যমে আমি সংবাদটিকে তাদের জ্ঞান আর অভিজ্ঞতার সাথে সংযুক্ত করতে সক্ষম হতাম।

শীঘ্রই আমার শ্রেণিকক্ষে খবরের কাগজ আর পত্রিকার স্তূপ জমে গেল, যখন তারা সকালে তাদের সহপাঠীদের আসার জন্য অপেক্ষা করত, আমি আমার শিক্ষার্থীদের সেগুলো ঘাঁটতে উৎসাহিত করতাম। কিছুদিন পর থেকে আমি প্রতিদিন শ্রেণির প্রথম 15 মিনিট সমস্ত শিক্ষার্থীদের এই সমস্ত কাগজগুলো দেখা আর পড়ার জন্য বরাদ্দ করার সিদ্ধান্ত নিই। কোন কোন শিক্ষার্থীরা এটা একাই করতো। কেউ কেউ একসাথে করতো। কোন কোন ক্ষেত্রে যারা একসাথে পড়ছে তাদের আমি একই রকম ভাবপ্রকাশ করতে দেখতাম যা আমি নিজের ক্ষেত্রে ব্যবহার করতাম, যেমন 'এটা আকর্ষণীয় না!' আর 'দেখা যাক এটা কি বলছে!' কখনো আমি বড়ো শিক্ষার্থীদের ছোটদের সাথে পড়তে বলতাম। মাঝে মাঝে আমি তাদের নির্দিষ্ট শব্দের অর্থ ব্যাখ্যা করতে শুনতাম। সম্প্রতি আমার শিক্ষার্থীরা পরস্পরকে প্রবন্ধ পড়তে সুপারিশ করছে, এইরকম ভাবপ্রকাশ করে 'তুমি এটা পড়েছ?' এই স্বল্পকালের মধ্যে আমি আমার শিক্ষার্থীদের পড়ার আগ্রহ আর দক্ষতার বিষয়ে ঘরোয়া পর্যবেক্ষণ করতে পেরেছিলাম।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- শ্রীমতি রুবি বিশ্বাস খবরের কাগজ সংক্রান্ত অ্যাক্টিভিটি তাঁর শিক্ষার্থীদের পড়ার ব্যাপারে কি শিখিয়েছে?
- তাঁর পদ্ধতির সুফল কি? সেখানে কি কোন সম্ভাব্য অসুবিধা আছে?

- তাঁর অনুশীলনের কি কি আপনি আপনার নিজের শ্রেণিকক্ষে ব্যবহার করতে পারেন?

শ্রীমতি রুবি  বিশ্বাস তাঁর শিক্ষার্থীদের খবরের কাগজ পড়ার ব্যাপারে আদর্শ স্থাপন করেছেন। তিনি দেখিয়েছেন তিনি কীভাবে এর বিষয়বস্তুর থেকে নির্বাচন করছেন, যে সমস্ত সংবাদ তাদের কাছে আকর্ষণীয় মনে হবে বলে তিনি মনে করেছেন সেগুলি তাদের সাথে শেয়ার করেছেন আর তাদের আমন্ত্রণ করেছেন তাদের মতামত আর সম্পর্কিত অভিজ্ঞতার ব্যাপারে বলার জন্য।

প্রতিদিন পড়ার জন্য একটা সময় আলাদা করে রেখে, শ্রীমতি রুবি  বিশ্বাস তাঁর শিক্ষার্থীদের দেখিয়েছেন যে এই অ্যাক্টিভিটি নিয়মিত ভাবে চালানোর প্রয়োজনীয়তা কোথায়। তাঁর শিক্ষার্থীদের খবরের কাগজ আর পত্রিকা ঘাঁটতে দিয়ে তিনি তাদের উৎসাহিত করেছেন তাদের কি ভালো লাগে তা খুঁজে নিতে, আর তাদের নির্বাচিত বিষয়গুলি তাদের সহপাঠীদের সাথে শেয়ার করে নিতে। তাদের জোরে পড়া, নিঃশব্দে পড়া, বা জুটিতে পড়ার সুযোগ দিয়ে তিনি প্রত্যেককে তার নিজের স্তর অনুযায়ী কার্যকলাপে যুক্ত হতে সক্ষম করেছেন। বড় শিক্ষার্থীদেরকে ছোটদের পড়ে শোনানোর জন্য আমন্ত্রণ করে তিনি বড়দের বিকাশমান দক্ষতাকে বৈধতা দিয়েছেন।

এই কার্যকলাপের একটা অসুবিধা হল, এটার সাথে এমনকি প্রাথমিক স্তরেও যুক্ত হতে গেলে বেশিরভাগ খবরের কাগজ আর পত্রিকাগুলো ন্যূনতম একটা পড়ার দক্ষতা দাবী করে। একই ভাবে, বহু সংবাদ বুঝতে যে জ্ঞান আর উপলব্ধি দরকার তা এই প্রাথমিক মানের শিক্ষার্থীদের থেকে আশা করা যায় না। এই অ্যাক্টিভিটি সে কারণে ছোট শিক্ষার্থী বা কমবয়সী পাঠকদের জন্য উপযুক্ত নয়।

তাদের স্তর যাই হোক না কেন আপনার শিক্ষার্থীরা পড়ার কিছুটা অভিজ্ঞতা সঞ্চয় করবে। বিদ্যালয়ে, বাড়িতে অথবা তাদের গোষ্ঠীতে এই অভিজ্ঞতার ভিত্তিতে তাদের পড়ার ব্যাপারে দৃষ্টিভঙ্গী তৈরি হবে, ইতিবাচক বা নেতিবাচক যাই হোক না কেন। কোন ধরনের নিয়মিত পড়ার অ্যাক্টিভিটি আপনার শিক্ষার্থীদের জন্য কার্যকরী হবে? কি করে আপনি সমস্ত শিক্ষার্থীদের অংশগ্রহণ সুনিশ্চিত করবেন? আপনার সহকর্মীদের সাথে আপনার ধারণাগুলি আলোচনা করুন।

পরবর্তী বিভাগে আপনি শ্রেণিকক্ষে ‘বই সম্বন্ধে আলোচনা’র গুরুত্ব সম্পর্কে জানবেন। এটা একটা প্রাত্যহিক কাজ যা আপনি আপনার যে কোন পাঠক্রমের সাথে সংযুক্ত করতে পারেন।

# 2 বই সম্বন্ধে আলোচনা

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি উন্নতমানের কি পড়েছেন যা আপনি আপনার বন্ধুদের জন্য সুপারিশ করবেন?
- আপনি কি পড়তে শুরু করেছিলেন যা নীরস বা জটিল হওয়ার কারণে আপনি ছেড়ে দিয়েছেন?
- কি পড়তে হবে সে বিষয়ে আপনার বিশেষ কোন পছন্দ বা অপছন্দ আছে ?

এই ধরণের প্রশ্নগুলি ‘বই সম্বন্ধে আলোচনা’কে উদ্দীপ্ত করে। পাঠক হিসাবে আপনার উত্তরের অভিমুখগুলো খুবই গুরুত্বপূর্ণ। পরের কেস স্টাডিতে আপনি দেখবেন কি ভাবে একজন শিক্ষিকা তাঁর শিক্ষণের সাথে বই সম্বন্ধে আলোচনাকে সংযুক্ত করেছেন।

## কেস স্টাডি 2: শ্রেণিকক্ষে বই সম্বন্ধে আলোচনাকে উৎসাহিত করা

*বাঁকুড়ার শ্রীমতি রচনা মাহাতো একজন ৮ম শ্রেণির শিক্ষিকা। এখানে তিনি ব্যাখ্যা করেছেন কি ভাবে তিনি তাঁর শিক্ষার্থীদের মধ্যে বই সম্বন্ধে আলোচনায় উৎসাহ দিয়েছেন।*

গত বছর পর্যন্ত আমার সাধারণ শিক্ষণের অনুশীলন ছিল আমার শ্রেণিতে কোন একটি পাঠ্য জোরে পড়া, আর আমার শিক্ষার্থীদের পাঠ্য বইতে সংশ্লিষ্ট বোধমূলক প্রশ্নগুলো সম্পূর্ণ করতে বলা। স্থানীয় DIET-র একটি কার্যক্রমের পর, আমি স্থির করি যদি আমি পড়ার

বিষয়ে আমার শিক্ষার্থীদের বোধশক্তির আরও বিকাশ ঘটাতে চাই তাহলে আমার এই অভ্যাস পাল্টানো দরকার।

আমি আমার শ্রেণিতে একটি গল্প জোরে জোরে পড়ে এটা শুরু করেছিলাম। এটা ছিল Blossom VIII শ্রেণির পাঠ্য বই–এর 'টেইল্স ওফ চাইল্ডহুড' গল্পটা। গল্পটা পড়া শেষ করে আমি আমার প্রতিক্রিয়া এভাবে জানালাম: 'আমার এই গল্পের শুরুটা খুব দুঃখের মনে হয়েছে, কারণ রোআল্ডের বোন ও বাবা যেভাবে মারা যান। যদিও পরে রোআল্ডের এবং তার অন্য বোনের সাথে বিদ্যালয় যাওয়াটা খুব ভালো লেগেছিল। কেনো আমরা ভুলে যাই। তোমাদের কি মনে হয়?'

আমি তারপর আমার শিক্ষার্থীদের এই গল্পটা নিয়ে তাদের বন্ধুদের সাথে দু'মিনিট কথা বলতে বললাম। আমি তাদের এ সমস্ত প্রশ্ন দিয়ে শুরু করলাম, 'তোমাদের কোনটা ভালো লেগেছে?', 'তোমাদের কোনটা ভালো লাগেনি?' আর 'তোমাদের কোনটা ধাঁধা লেগেছে?' শেষ অবধি, আমি প্রত্যেক শিক্ষার্থীকে গল্পটার ব্যাপারে তাদের প্রতিক্রিয়া বাকি শ্রেণির সাথে শেয়ার করতে বললাম।

প্রথমে আমার শিক্ষার্থীরা গল্পের বিষয়ে তাদের নিজেদের প্রতিক্রিয়া দিতে অসুবিধার মুখে পড়ছিল, কারণ তারা পাঠ্যের বিষয়ে নিজেদের মতামত ও প্রতিক্রিয়া এভাবে দেওয়ায় অভ্যস্ত ছিল না। যদিও বহু কাল্পনিক ও অ-কাল্পনিক পাঠ্য বিষয় নিয়ে এই একই অ্যাক্টিভিটি বারবার করার পরে তারা তাদের মতামত দেওয়ার ব্যাপারে আরও স্বচ্ছন্দ হয়ে উঠেছিল। এখন তারা আত্মবিশ্বাসের সাথে এটা বলতে পারে তারা কোনো একটা পাঠ পছন্দ করেনি, শুধু তাই নয়, তারা এর কারণও ব্যাখ্যা করতে পারে। তারা পাঠ আলোচনার সময় তাদের পূর্বের জ্ঞানকে ব্যবহার করছে, তাদের নিজেদের অভিজ্ঞতার সাথে মিলিয়ে দেখছে আর অবশ্যই তারা আগে যা পড়েছে আর আলোচনা করেছে তার সাথেও মিলিয়ে দেখছে। যখন আমার শিক্ষার্থীরা পাঠ নিয়ে এমন স্বাধীন ভাবে আলোচনা করে, তখন আমি শুধুমাত্র পাঠ বইয়ের অনুশীলনীর মাধ্যমে করার থেকে আরও ভালোভাবে তাদের উপলব্ধি মূল্যায়ন করতে পারি।

যদিও আমি পাঠ্য বইয়ের বোধমূলক প্রশ্নগুলোকেই পথনির্দেশক হিসাবে ব্যবহার করি, কিন্তু আমি শ্রেণিতে যা পড়া হয় তা নিয়ে সবসময় আরও খোলামেলা আলোচনার অনুমতি দিই।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- শ্রীমতি মাহাতোর শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে বই সম্বন্ধে আলোচনা করে কি শিখছে বলে আপনার মনে হয়?
- এই পর্যায়গুলোতে তাদের পর্যবেক্ষণ করে তিনি তাদের পড়ার বিকাশ সম্পর্কে কি শিখছেন ?

পড়ার বোধশক্তি আপনা থেকে বিকশিত হয় না; এটা অবশ্যই শেখাতে হয়। এটা সবচেয়ে ভালোভাবে অর্জন করা যায় যখন শিক্ষিকা তাঁর শিক্ষার্থীদের সাথে পাঠ্যের অর্থ সম্পর্কে আলোচনা করে এবং চিন্তার প্রকাশ করে নিজে বোধমূলক প্রক্রিয়ার আদর্শ স্থাপন করেন।

যখন শিক্ষার্থীদেরকে তারা যা শুনছে বা নিজেরা যা পড়ছে সে বিষয়ে কথা বলতে উৎসাহিত করা হয়, তখন তারা তাদের প্রতিক্রিয়া আর ব্যাখ্যার বিষয়ে বলতে আত্মবিশ্বাসী হয়।

পরিণত বয়স্ক হিসাবে, আমরা সাধারণত বেছে নিতে পারি যে আমরা কি পড়ব। আমরা অনেক সময়ই অন্য ধরনের লেখার চেয়ে বিশেষ ধরনের কিছু লেখা বেশি পছন্দ করি। আমাদের পড়া বিষয়গুলি সম্বন্ধে ভাবনাচিন্তা করি আর আমরা অন্যদের সাথে আলোচনাও করি। আমাদের উচিত আমাদের শিক্ষার্থীদেরও একই জিনিস করতে দেওয়া - তারা যা পছন্দ করে তেমন বই বেছে নিতে দেওয়া আর তারা যা পড়েছে তার উপর বুদ্ধিমত্তার সাথে প্রতিক্রিয়া দেওয়া।

## অ্যাক্টিভিটি 1: একটা বই সম্বন্ধে আলোচনার পর্যায়

**চিত্র 1** শ্রেণিকক্ষে একটি বইয়ের বিষয়ে কথা বলা

আপনার শ্রেণিকক্ষে বই সম্বন্ধে আলোচনার একটি সংক্ষিপ্ত পর্যায়ের পরিকল্পনা করুন। এটা 30 মিনিটের বেশি হবে না।

একটি কাল্পনিক বা তথ্যভিত্তিক পাঠ নির্বাচন করুন। এটা একটা গল্প হতে পারে, একটা ঘটনামূলক সংবাদপত্রের প্রবন্ধ হতে পারে, একটি নাটক বা কবিতা হতে পারে। আপনি যে পাঠই নির্বাচন করুন না কেন, প্রথমে যে কোনো অচেনা শব্দগুলো অনুমান করুন। শুরুতে বিষয়টার পরিচিতি দিয়ে আর অচেনা শব্দের অর্থ বলে দিয়ে আপনি আপনার শিক্ষার্থীদের উদ্বেগ কমাতে সাহায্য করবেন আর তাদের পরবর্তী অংশ বুঝতে সহায়তা করবেন।

পাঠটি জোরে পড়ার পর আপনার শিক্ষার্থীদের সংক্ষেপে বলুন যে আপনি এটার বিষয়ে কি মনে করেন আর এটা আপনার ভিতরে কি কি চিন্তা জাগিয়ে তুলছে। বই সম্বন্ধে আদর্শ আলোচনা এভাবেই হওয়া উচিত, তবে প্রথম দিকে এটা খুব যত্ন নিয়ে করলেই সবচেয়ে ভাল হয়, যাতে সেই পাঠের বিষয়ে আপনার শিক্ষার্থীদের নিজের যা ধারণা হয়েছে তাকে আপনি খুব বেশি প্রভাবিত না করে ফেলেন। এরপরে আপনার শিক্ষার্থীদের নিচের প্রশ্নগুলি জিজ্ঞাসা করে (উদাহরণস্বরূপ) তাদের প্রতিক্রিয়া জানাতে বলুন:

- তারা পাঠের বিষয়ে কি পছন্দ আর অপছন্দ করেছে
- তারা চরিত্রগুলোর বিষয়ে কি ভেবেছে
- সেখানে ধাঁধা লাগার মত কিছু ছিল কি না
- তারা কি এটা পড়তে সুপারিশ করবে ?

আপনার শিক্ষার্থীরা যা যা প্রতিক্রিয়া দিয়েছে সেই সবগুলির বিষয়ে আগ্রহ দেখান।

আপনার শ্রেণিটি যদি শিক্ষার্থীবহুল হয়, তাহলে প্রতিদিন আলাদা আলাদা দলের শিক্ষার্থীদের সাথে বই সম্বন্ধে আলোচনার পরিকল্পনা করুন। বাকি শ্রেণিকে বই সম্বন্ধে আলোচনার উপর স্বাধীন কোন কাজ দিয়ে আপনি নিজে সেই ছোট দলটার সাথে সময় কাটান। শ্রেণিটিকে তাদের স্তর অনুসারে ভাগ করে নিয়ে আপনি প্রতি দলের জন্য যথোচিত পাঠ্য নির্বাচন করতে পারবেন।

বই সম্বন্ধে আলোচনার সেশন শুধুমাত্র আপনি আপনার শিক্ষার্থীদের যা জোরে পড়ে শোনান তার মধ্যেই সীমাবদ্ধ থাকা উচিত নয়, তারা নিজেরা যা পড়ে তাও অন্তর্ভুক্ত হওয়া উচিত।

এই স্তরে এসে মূল সম্পদ ‘শেখার জন্য কথা বলা’ আপনার জন্য সহায়ক হতে পারে।

ভিডিও: শেখার জন্য কথা বলা

## অ্যাক্টিভিটি 2: শিক্ষার্থীদের বই পর্যালোচনা

আপনার শিক্ষার্থীরা যা পড়েছে সে বিষয়ে তাদের একটা সংক্ষিপ্ত পর্যালোচনা লিখতে বলে, আপনি একটা বই সম্বন্ধে আলোচনার সেশনকে প্রসারিত করতে পারেন। আপনি চাইলে চিত্র 2 এর বই পর্যালোচনা করার কাঠামোটা গ্রহণ করতে পারেন। শ্রেণিতে আলোচনার মতই, আপনার শিক্ষার্থীরা এই পর্যালোচনায় যা যা মতামত দেয় তা গ্রহণ করা ও গুরুত্ব দেওয়া উচিৎ।


Book Review Form

Name: _____

The book's title and author are

Something I liked was

The most memorable part was

I would recommend the book because

**চিত্র 2** বই পর্যালোচনা করার কাঠামো। (উৎস: এডুকেশন ওয়ার্ল্ড, তারিখ বিহীন)

পরের বিভাগে, আপনি বোধ আর আনন্দ দেওয়ার জন্য জুটিতে পড়ার অনুশীলনের দিকে নজর দেবেন।

# 3 জুটিতে পড়া

একসাথে পড়া একা পড়ার চেয়ে অনেক বেশি উপকারী, আর এটা মজারও হতে পারে।

জুটিতে পড়া সহায়তামূলক, সহযোগিতামূলক শিক্ষণ কাঠামো দেয়, আর যখন একজন শিক্ষার্থী পাঠক হিসাবে বাকিদের মত আত্মবিশ্বাসী হয় না তখন এটা আদর্শ। শিক্ষার্থীরা পরস্পরের জন্য সক্ষম আর সংবেদনশীল 'শিক্ষক' হতে পারে। আপনার শিক্ষার্থীদের এভাবে সংগঠিত করার বিষয়ে আরো জানার জন্য, 'জুটিবদ্ধ কাজের প্রক্রিয়া ব্যবহার করা', সম্পদ1 পড়ুন।

## ভিডিও: জুটিবদ্ধ কাজের প্রক্রিয়া ব্যবহার করা

জুটিতে পড়ার  সময়, দু'জন শিক্ষার্থী একটি বই শেয়ার করে আর একে একে একটি করে বাক্য, অনুচ্ছেদ বা পৃষ্ঠা পড়ে। (চিত্র3) যখন প্রথম পাঠক পড়ে, তখন দ্বিতীয় পাঠক শোনে আর এভাবে চলতে থাকে। প্রথম পাঠক যেখানে শেষ করে সেখান থেকে দ্বিতীয় পাঠক শুরু করে। তাদের কেউ একজন অসুবিধায় পড়লে বা ভুল করলে, তার সাথী সহায়তা করে বা ভুল সংশোধন করে।

**চিত্র 3** জুটিতে পড়া

একাধিক মানের শিক্ষার্থী সহ শ্রেণিকক্ষে আপনি, একই রকম পড়ার দক্ষতা যুক্ত শিক্ষার্থী, সাবলীল পাঠকের সাথে কম সাবলীল পাঠক, বা বড় শিক্ষার্থীর সাথে ছোট শিক্ষার্থীর জুটি বানাতে পারেন। ভালোভাবে সংগঠিত করতে পারলে বিপুল সংখ্যক শিক্ষার্থীর মধ্যেও জুটিতে পড়া ব্যবহার করা সম্ভব।

এখন দ্বিভাষী শিক্ষার্থীদের ক্ষেত্রে জুটিতে পড়ার সুফল উপলব্ধি করেন এমন এক শিক্ষকের কেস স্টাডি পড়ুন।

## কেস স্টাডি 3: দ্বিভাষিক পঠনের ক্ষেত্রে সহায়তার জন্য জুটিবদ্ধ কাজ

*শ্রী রায় বীরভূমের একটি গ্রামীণ বিদ্যালয়ে ৫ম শ্রেণি পড়ান।*

আমার কিছু শিক্ষার্থীরা তাদের বাড়ির ভাষা হিসাবে সাঁওতালী ভাষায় কথা বলে। তারা বিদ্যালয়ে বাংলা ভাষা বোঝা আর বলার ক্ষেত্রে বেশ  ভালো উন্নতি করেছে, কিন্তু তাদের জোরে পড়ার ক্ষেত্রে আত্মবিশ্বাসের অভাব আছে। আমি খেয়াল করেছিলাম আমার একজন শিক্ষার্থী সুরুমি কীভাবে শ্রেণিকক্ষে বইয়ের দিকে তাকাত। তাকে দেখে মনে হত সে ছবির মধ্যে ডুবে গেছে, কিন্তু মনে হত না সে পৃষ্ঠার শব্দগুলো কিছু বুঝতে পারছে।

একদিন সে যখন বই দেখছিল, তখন আমি তার পাশে বসে জানতে চাইলাম গল্পটা কি বিষয়ে। সে আমার প্রশ্ন বুঝতে পেরেছিল, কিন্তু উত্তর দেওয়া তার পক্ষে কষ্টকর হচ্ছিল। অতএব, আমি তারপর শব্দ আর ছবিগুলো দেখিয়ে বইয়ের অংশটা পড়লাম। আমি তাকে কিছু সাধারণ প্রশ্ন জিজ্ঞাসা করলাম আর সে সাঁওতালী আর বাংলা মিশিয়ে উত্তর দিল।

আমার মাথায় একটা ভাবনা এল যে, সাঁওতালী আর বাংলাতে কথা বলে এমন একজন বড় শিক্ষার্থীকে আমি বইটা সুরুমিকে পড়ে শোনাতে বলব। সে এটা করার সময় সুরুমিকে এর অর্থটা তার নিজের ভাষায় বুঝিয়ে দিল। সুরুমি খুব মনোযোগ দিয়ে শুনল আর

তার প্রশ্নের উত্তর দিল সাঁওতালী আর বাংলা মিশিয়ে।

আমি আকর্ষণীয় ছবি দেওয়া অন্য বই খুঁজছিলাম যা সুরুমি উপভোগ করবে বলে আমার মনে হয়েছিল। আমি একটা বই পেলাম যেখানে পরিচিত লোককথা আছে, আর বারবার বাক্যাংশের পুনরাবৃত্তি করছে এমন একটা সহজ পাঠ্য আছে। আমি একজন সহকর্মীকে বললাম গল্পগুলো সাঁওতালীতে অনুবাদ করে দিতে, যাতে সুরুমি সেগুলো বাংলা আর তার নিজের ভাষা দুটোতেই দেখতে পায়। ক্রমশ সুরুমি বাংলাতে স্বাচ্ছন্দ্য বোধ করতে শুরু করলো আর এই বইগুলো আরও বেশি করে বুঝতে শুরু করলো। সে এখন অপেক্ষাকৃত বড় বাক্যাংশ সহ সামান্য কঠিন বইগুলোও পড়ছে। তার এই অগ্রগতি লক্ষ্য করা খুবই সন্তোষজনক।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি কি মনে করেন বিদ্যালয়ে শিক্ষার্থীদের নিজের ভাষা মিশিয়ে ব্যবহার করা উচিত? কেন, অথবা কেন নয়?
- কেন সাঁওতালী জানা একজন শিক্ষার্থীর সাথে জুটিতে পড়া সুরুমিকে সহায়তা করল?

আমরা একটা বিবিধতাপূর্ণ, বহুভাষিক সমাজে বাস করি যেখানে আমাদের সমস্ত ভাষাগুলোই গুরুত্বপূর্ণ সম্পদ। আপনার শিক্ষার্থীদের তাদের নিজের ভাষার ব্যবহারে উৎসাহ দিলে তারা বিদ্যালয়ে আত্মবিশ্বাসী আর স্বচ্ছন্দ বোধ করবে, আর এটা তাদের বংলার উন্নতি করতেও সাহায্য করবে। যদি আপনি নিজে আপনার সমস্ত শিক্ষার্থীদের বাড়ির ভাষা নাও বলতে পারেন, তাহলেও বিদ্যালয়ে এমন কিছু শিক্ষার্থী থাকতে পারে যারা অন্যদের সহায়তা করতে পারবে। যে শিক্ষার্থীরা বাড়িতে একই ভাষা বলে তাদের জুটিতে পড়তে অথবা ছোট দলে পড়তে উৎসাহ দেওয়া যায়। এই পথে তারা নিজের ভাষা ব্যবহার করে বিদ্যালয়ের ভাষার বিকাশে পরস্পরকে সহায়তা করতে পারবে।

জুটিতে পড়ার পদ্ধতিকে আপনার শ্রেণিকক্ষে অন্তর্ভুক্ত করতে আপনাকে সহায়তা করার জন্য পরবর্তী অ্যাক্টিভিটিটি পরিকল্পনা করা হয়েছে।

## অ্যাক্টিভিটি 3: জুটিতে পড়ার সাথে পরিচয় করানো ও তা সংগঠিত করা

এই অ্যাক্টিভিটিটা জুটিতে বা তিন বা চার জনের ছোট দলে করা যেতে পারে। আগে থেকে সিদ্ধান্ত নিন কোন কোন শিক্ষার্থীদের নিয়ে আপনি জুটি গঠন করবেন বা দল বানাবেন। তাদের কি কোন দক্ষতার মিল বা পার্থক্যের ভিত্তিতে বাছাই করা হবে? নির্বাচন করুন শিক্ষার্থীরা কি পড়বে, আর নিশ্চিত করুন যেন আপনার কাছে পাঠ্যের যথেষ্ট সংখ্যক কপি থাকে।

নিজে জুটিবদ্ধ পাঠের আদর্শ স্থাপন করে শুরু করুন যাতে আপনার শিক্ষার্থীরা বুঝতে পারে আপনি তাদের কাছে কি চাইছেন। শিক্ষার্থীদের বই বা পাঠ্যাংশটা দেখান যেটা তারা পড়তে চলেছে, তাদের মধ্যে একজনকে বাছুন যে আপনার অংশীদার হতে এগিয়ে আসবে। ব্যাখ্যা করে বলুন যে আপনারা একটা অনুচ্ছেদ একসাথে জোরে পড়ার মাধ্যমে শুরু করবেন আর তারপর পালা করে একে একে পড়া চালিয়ে যাবেন। প্রথম অনুচ্ছেদটি একসাথে পড়ে শুরু করুন। তারপর শিক্ষার্থীকে পরেরটা পড়তে দিন। পাল্টে নিন আর পরের অনুচ্ছেদটা আপনি নিজে পড়ুন। অনেক বার পালা বদল করুন।

আরেকজন শিক্ষার্থীকে নির্বাচন করুন প্রথম শিক্ষার্থীর সাথে জুটি তৈরি করার জন্য আর তাদের দেখাতে দিন একসাথে কীভাবে জুটিতে পড়তে হয়। আপনার যদি বড় দল বানানোর পরিকল্পনা থাকে, তৃতীয় বা চতুর্থ শিক্ষার্থীকে যুক্ত হতে বলুন।

আপনার শিক্ষার্থীদের বলুন যদি তাদের অংশীদার বা দল সদস্যরা অসুবিধা বোধ করে, তাহলে তাদেরকে সাহায্য করার আগে তারা

যেন তাদেরকে সমস্যা সমাধান করার সুযোগ দেওয়ার জন্য কয়েক সেকেন্ড অপেক্ষা করে। এটা ব্যাখ্যা করুন যে শিক্ষার্থীকে পুরো উত্তর দেওয়ার পরিবর্তে একটা ইঙ্গিত দিলে ভালো হয় - যেমন একটা শব্দের প্রথম ধ্বনি।

প্রাথমিক ভাবে জুটিতে পড়া দশ মিনিট অবধি স্থায়ী হওয়া উচিত, আর আপনার শিক্ষার্থীরা এতে অভ্যস্ত হয়ে ওঠার সাথে সাথে সবচেয়ে বেশি 30 মিনিট অবধি এটা টেনে নিয়ে যাওয়া যায়। আপনার শিক্ষার্থীদের শান্ত স্বরে জোরে পড়তে বলুন যাতে তাদের সহপাঠীরা বিরক্ত না হয়।

আপনার শিক্ষার্থীরা এই অ্যাক্টিভিটিটা বুঝতে পেরেছে কিনা দেখার জন্য সারা শ্রেণিতেঘুরে মন দিয়ে শুনুন। যাদের পড়তে অসুবিধা হচ্ছে তাদের সাহায্য করুন। কোন শিক্ষার্থীরা একসাথে করেছে আর তারা কতটা ভালো করছে এটা পর্যবেক্ষণ করে সংক্ষিপ্ত বিবরণ রাখুন। যদিও কিছু ব্যক্তি একসাথে কাজ করার ক্ষেত্রে নির্দিষ্টভাবে মানানসই হয়, তবুও সময়ে সময়ে জুটি বা দল পাল্টানো হলে, তা বেশ সহায়ক হতে পারে।

কার্যকলাপের পরে আপনার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন তারা এটায় আনন্দ পেয়েছে কিনা আর এটাকে সহায়ক বলে মনে করেছে কিনা। পরস্পরকে সহায়তা করার জন্য তাদের প্রশংসা করুন। আপনি জুটিতে পড়ার পর পাঠ্য বিষয়ে বই সম্বন্ধে আলোচনার একটা সংক্ষিপ্ত সেশন করতে পারেন।

# 4 সারসংক্ষেপ

আপনার শিক্ষার্থীদেরকে বিদ্যালয়ের ভিতরের ও বাইরের বিভিন্ন প্রকারের পাঠ্যের বিষয়ে প্রবল উৎসাহী, আত্মবিশ্বাসী আর চিন্তাশীল পাঠকে পরিণত করার ক্ষেত্রে আপনার ভূমিকার উপরে এই ইউনিটে আলোকপাত করা হয়েছে। এই কার্যকলাপে আপনার শিক্ষার্থীদের ইতিবাচক অংশগ্রহণের ক্ষেত্রে আপনার আনন্দজনক পড়ার আদর্শ স্থাপন করার গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

এই ইউনিট এমন কিছু কার্যকলাপের পরামর্শ দেয় যা আপনি পড়ার উন্নতিতে সাহায্য করার জন্য ক্রমবর্ধমান হারে শ্রেণিকক্ষে ব্যবহার করতে পারেন। এটার অন্তর্গত হল বই সম্বন্ধে আলোচনা, যা শিক্ষার্থীদেরকে তারা যা পড়ে তা নিয়ে তাদের মতামত আদানপ্রদান করার একটা গুরুত্বপূর্ণ সুযোগ দেয়, আর জুটিতে পড়ার সুযোগও দেয় যেখানে তারা একসাথে যা পড়ছে তা আলোচনা করতে পারে। বিভিন্ন কার্যকলাপের ক্ষেত্রে যেমন হয় সেভাবেই, পড়া হল এমন একটা দক্ষতা যা অভ্যাসের সাথে উন্নত হতে থাকে, আর আপনার শিক্ষার্থীরা পড়ার কাজটা যত বেশি উপভোগ করবে আর তাদের পাঠ্যের বিষয়ে আলোচনা করবে তারা তত বেশি এটা অনুশীলন করবে।

# সম্পদসমূহ

## সম্পদ 1: জুটিবদ্ধ কাজ ব্যবহার করা

রোজকার জীবনে মানুষ পাশাপাশি কাজ করে, পরস্পর কথা বলে ও শোনে, আর দেখে তারা কী করছে আর কীভাবে করছে। এইভাবে মানুষ শেখে। আমরা যখন অন্যের সঙ্গে কথা বলি, আমরা নতুন ধারণা আর তথ্য আবিষ্কার করি। শ্রেণিকক্ষে সবকিছু যদি শিক্ষক কেন্দ্রিক হয়, তাহলে বেশিরভাগ শিক্ষার্থীরাই তাদের শিক্ষা প্রদর্শন করতে বা পরখ করে দেখতে বা প্রশ্ন করতে পর্যাপ্ত সময় পাবে না। কিছু শিক্ষার্থী হয়ত সংক্ষিপ্ত উত্তর দেবে আর কিছু শিক্ষার্থী হয়ত কিছুই বলবে না। শিক্ষার্থীবহুল শ্রেণিতে পরিস্থিতি আরও খারাপ হবে। খুব অল্প সংখ্যক শিক্ষার্থীই কোন কিছু বলবে।

## জুটিতে কাজের পদ্ধতি কেন ব্যবহার করা হয়?

জুটিতে কাজ শিক্ষার্থীদের কথা বলার মাধ্যমে আরো বেশি শেখার একটা স্বাভাবিক রাস্তা। এটা তাদের নতুন ভাষা আর ধারণাগুলো ভাবার আর ব্যবহার করার সুযোগ দেয়। এটা শিক্ষার্থীদের নতুন দক্ষতা ও ধারণাগুলোর মাধ্যমে কাজ করার একটা সহজ উপায় প্রদান করে, আর শিক্ষার্থীবহুল শ্রেণির ক্ষেত্রে ভালভাবে কার্যকর হয়।

সমস্ত বয়স ও বিষয়ের ক্ষেত্রেই জুটি বেঁধে কাজ করা কার্যকরী হয়। এটা বিশেষত বহুভাষিক, নানা মানের শিক্ষার্থী আছে এমন শ্রেণির ক্ষেত্রে উপযোগী কেননা এখানে একে অন্যকে সাহায্য করার জন্য জুটিগুলোকে বিন্যস্ত করা যায়। এটা সবচেয়ে ভালভাবে কার্যকর হয় যখন আপনি সুনির্দিষ্ট কাজ পরিকল্পনা করেন এবং জুটিগুলোকে পরিচালনার জন্য রুটিন তৈরি করেন, যাতে আপনার সমস্ত শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করা আর তাদের শিক্ষা ও উন্নতি নিশ্চিত করা যায়। এই রুটিনগুলো তৈরি হয়ে যাওয়ার পরে, আপনি দেখতে পাবেন যে শিক্ষার্থীরা জুটি বেঁধে কাজ করতে দ্রুত অভ্যস্ত হয়ে যাবে আর এইভাবে শেখাকে উপভোগ করবে।

## জুটি বেঁধে কাজের জন্য করণীয়

শিক্ষার কাঙ্খিত  ফলাফলের ওপর নির্ভর করে, আপনি বিভিন্ন ধরনের জুটি বেঁধে কাজ ব্যবহার করতে পারেন। জুটি বেঁধে করার কাজগুলো অবশ্যই সুস্পষ্ট ও উপযুক্ত হতে হবে, যাতে শেখার সময় একসাথে করা যায় কেননা একা কাজ করার থেকে জুটিবদ্ধ কাজ অনেক বেশি সহায়ক হয়। তাদের ধারণাগুলো সম্বন্ধে আলোচনার মাধ্যমে আপনার শিক্ষার্থীরা আপনা থেকেই সেগুলো সম্বন্ধে চিন্তাভাবনা করতে থাকবে আর সেগুলোকে আরো উন্নত করবে।

জুটি বেঁধে করার কাজগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হল:

- **'ভাবো-জুটি বাঁধো-আদানপ্রদান করো':** শিক্ষার্থীরা নিজেরাই কোনো সমস্যা বা বিষয় সম্বন্ধে চিন্তাভাবনা করে আর তারপরে সম্ভাব্য উত্তরগুলো নির্ণয় করার জন্য জুটি বেঁধে কাজ করে, তারপরে অন্য শিক্ষার্থীদের সঙ্গে তাদের উত্তরগুলো আদানপ্রদান করে। বানান লেখা, হিসাব গণনা করা, জিনিসগুলোকে শ্রেণিতে বিন্যস্ত করা বা ক্রমানুসারে সাজানো, বিভিন্ন দৃষ্টিভঙ্গি দেওয়া, কোনো গল্পের চরিত্রগুলোর মতো অনুকরণ করা ইত্যাদির জন্য এটা ব্যবহার করা হতে পারে।
- **তথ্য আদানপ্রদান:** শ্রেণির অর্ধেককে কোনো বিষয়ের একটি দিক সম্বন্ধে তথ্য দেওয়া হয়, আর অন্য অর্ধেককে বিষয়টির অন্য কোনো দিক সম্বন্ধে তথ্য দেওয়া হয়। তারপরে তারা তাদের তথ্য বিনিময় করার জন্য জুটি বেঁধে কাজ করে, যাতে একটি সমস্যা সমাধান করা যায় বা কোনো সিদ্ধান্তে পৌঁছনো যায়।
- **শোনার মতো দক্ষতাগুলো অভ্যাস করা:** একজন শিক্ষার্থী একটা গল্প পড়তে পারে আর অন্যজন প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে; একজন শিক্ষার্থী ইংরেজিতে একটা রচনা পড়তে পারে আর অন্যজন সেটা লিখতে চেষ্টা করতে পারে; একজন শিক্ষার্থী কোনো ছবি বা চিত্রের বর্ণনা দিতে পারে আর অন্যজন বর্ণনার ভিত্তিতে সেটা আঁকার চেষ্টা করতে পারে।
- **নির্দেশাবলী অনুসরণ করা:** একজন শিক্ষার্থী কোনো কাজ সম্পূর্ণ করার জন্য, অপর শিক্ষার্থীর উদ্দেশে নির্দেশগুলো পড়ে শোনাতে পারে।
- **গল্প বলা বা কোন বিশেষ ভূমিকায় অভিনয়ের ব্যবহার করা:** শিক্ষার্থীরা যে ভাষা শিখছে সেই ভাষায় একটা গল্প বা সংলাপ প্রস্তুত করার জন্য তারা জুটি বেঁধে কাজ করতে পারে।

## সবাইকে অন্তর্ভুক্ত করার জন্য জুটিগুলোকে পরিচালনা করা

জুটি বেঁধে কাজ করার ক্ষেত্রে সবাইকে অংশগ্রহণ করতে হয়। যেহেতু শিক্ষার্থীরা আলাদা ধরনের হয়, তাই জুটিগুলোকে এমনভাবে পরিচালনা করতে হয় যাতে তারা প্রত্যেকে জানে যে তাদের কী করতে হবে, তারা কী শিখছে আর আপনি কী কী প্রত্যাশা করেন। আপনার শ্রেণিকক্ষে জুটি বেঁধে কাজের রুটিন তৈরির জন্য, আপনাকে নিচের কাজগুলো করতে হবে:

- শিক্ষার্থীরা যে সমস্ত জুটিতে কাজ করে, সেগুলো পরিচালনা করা। কখনও কখনও শিক্ষার্থীরা বন্ধুদের নিয়ে জুটিতে কাজ করবে; কখনও তা নাও করতে পারে। নিশ্চিত করুন যে তারা যেন এটা বোঝে, যে তাদের শিক্ষাকে সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে সাহায্য করার জন্য আপনি জুটির ব্যাপারে সিদ্ধান্ত নেবেন।
- আরো বেশি চ্যালেঞ্জ তৈরি করার জন্য, আপনি কখনও কখনও মিশ্র সামর্থ্য ও বিভিন্ন ভাষার শিক্ষার্থীদের একসাথে নিয়ে জুটি তৈরি করতে পারেন, যাতে তারা একে অন্যকে সাহায্য করতে পারে; অন্য ক্ষেত্রে আপনি এমন শিক্ষার্থীদের নিয়ে জুটি তৈরি করতে পারেন যারা একই পর্যায়ে কাজ করতে পারে।
- আপনার শিক্ষার্থীদের সামর্থ্য জানতে নথি রাখুন, আর সেই অনুযায়ী তাদেরকে একসাথে রেখে জুটি তৈরি করুন।
- জুটি বেঁধে কাজ করার সুবিধাগুলো শুরুতেই শিক্ষার্থীদের ব্যাখ্যা করুন। পরিবার আর সমাজের প্রসঙ্গ থেকে উদাহরণ ব্যবহার করুন যেখানে লোকেরা সহযোগীরূপে কাজ করে।
- প্রাথমিক কাজগুলোকে সংক্ষিপ্ত ও সুস্পষ্ট রাখুন।
- আপনি যেভাবে চান শিক্ষার্থীরা সেভাবেই কাজ করছে, এই বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য শিক্ষার্থীদের জুটিগুলোর ওপর নজর রাখুন।
- শিক্ষার্থীদেরকে তাদের জুটিতে ভূমিকা বা দায়িত্ব প্রদান করুন, যেমন কোনো গল্প থেকে দুটো চরিত্র, বা '1' ও '2', বা 'A' ও 'B' এর মতো সহজ লেবেল দিন। তারা একে অন্যের মুখোমুখি হওয়ার আগেই এটা করুন, যাতে তারা শোনে।
- নিশ্চিত করুন যেন শিক্ষার্থীরা মুখোমুখি বসার জন্য সহজেই মুখ ঘোরাতে বা নড়াচড়া করতে পারে।

জুটি বেঁধে কাজ করার সময় শিক্ষার্থীদের বলুন যে প্রতিটি কাজের জন্য তারা কত সময় পাবে, আর নিয়মিতভাবে সময় ঘোষণা করুন। যে জুটিগুলো একে অন্যকে সাহায্য করে আর কাজটা চালু রাখে, তাদের প্রশংসা করুন। জুটিগুলোকে স্থিত হতে আর নিজস্ব সমাধান খুঁজে বের করতে সময় দিন। শিক্ষার্থীরা ভাবনাচিন্তা করার সময় পাওয়ার আগেই দ্রুত তাদের সাথে জড়িত হওয়া আর তারা কী করতে পারে তা দেখানো লোভনীয় হতে পারে। কথা বলা ও কাজ করার পরিবেশটা বেশির ভাগ শিক্ষার্থীই উপভোগ করে। আপনি শ্রেণির চারদিকে হাঁটাচলা করতে করতে লক্ষ রাখুন ও শুনুন, লিখে নিন যে কারা একসাথে স্বচ্ছন্দে কাজ করছে, কাউকে আলোচনায় অন্তর্ভুক্ত করা না হলে সেই বিষয়ে সতর্ক থাকুন, আর যে কোনো সাধারণ ত্রুটি, ভাল ধারণা বা সারসংক্ষেপ লিখে নিন।

কাজটার শেষে আপনার একটা ভূমিকা হল শিক্ষার্থীরা যা প্রস্তুত করেছে তার মধ্যে সংযোগ স্থাপন করা। আপনি কয়েকটা জুটির কাজ দেখানোর জন্য জুটিগুলো নির্বাচন করতে পারেন, অথবা আপনি তাদের জন্য এটাকে সংক্ষিপ্ত আকার দিতে পারেন। শিক্ষার্থীরা একসাথে কাজ করার সময় সাফল্যের একটা অনুভূতি পেতে পছন্দ করে। আপনাকে প্রতিটা জুটির থেকে মতামত নিতে হবে না – কেননা এটা খুব বেশি সময় নেবে - তবে এমন শিক্ষার্থীদের নির্বাচন করুন যাদের পর্যবেক্ষণ করে আপনি বুঝতে পেরেছেন যে তারা একটা ইতিবাচক অবদান দিতে সমর্থ হবে, যা অন্যদেরও শিখতে সাহায্য করবে। যে সমস্ত শিক্ষার্থীরা অংশ নেওয়ার ক্ষেত্রে সাধারণত ভীতু স্বভাবের হয়, তাদের আত্মবিশ্বাস গড়ে তোলার এটা একটা সুযোগ হতে পারে।

আপনি যদি শিক্ষার্থীদের কোনো সমস্যা সমাধান করতে দেন, সেই ক্ষেত্রে আপনি একটা আদর্শ উত্তরও দিতে পারেন আর তারপরে তাদের জুটি বেঁধে আলোচনা করতে বলতে পারেন যে তাদের উত্তরগুলোকে কীভাবে উন্নত করা যায়। এটা তাদেরকে তাদের নিজের শিখন সম্বন্ধে চিন্তাভাবনা করতে আর তাদের ভুল থেকে শিখতে সাহায্য করবে।

আপনি যদি জুটিতে কাজের ক্ষেত্রে নতুন হন, তবে আপনি এই কাজ, সময় বিভাগ অথবা জুটির সমন্বয় নিয়ে আপনার কাঙ্ক্ষিত যেকোন পরিবর্তনের নোট করা গুরুত্বপূর্ণ। আপনি এভাবেই শিখবেন আর এভাবেই আপনার পড়ানোর উন্নতি করতে পারবেন, তাই এটা এত জরুরি। সফলভাবে জুটি বেঁধে কাজ পরিচালনা করার সাথে সুস্পষ্ট নির্দেশ দেওয়া ও ভালভাবে সময় নিয়ন্ত্রণের সম্পর্ক আছে, আর সংক্ষেপে সারাংশ দেওয়াও জরুরি – এই সবকিছুর জন্যই অভ্যাস প্রয়োজন হয়।

# অতিরিক্ত সম্পদসমূহ

- ‘Book-talk’ by Pie Corbett: http://webfronter.com/lewisham/primarycommunity/menu1/Writing/Talk_for_Writing/Booktalk_by_Pie_Corbett
- Booktrust is an independent UK reading and writing charity. It provides resources and tools to support professionals in helping both children and adults to develop in their reading and writing journey: http://www.booktrust.org.uk/
- NCERT books for children: http://www.ncert.nic.in/publication/children_books/children_books.html
- Pratham Books: http://www.prathambooks.org/
- ‘Children’s literature from India and the Indian diaspora’, a post on Pratham Books’ blog: http://blog.prathambooks.org/2010/10/childrens-literature-from-india-and.html
- Dasgupta, A. (1995) *Telling Tales: Children’s Literature in India*. London: Taylor and Francis.
- A useful article about children’s literature in India: http://isahitya.com/index.php/77-special-articles/269
- ‘How to teach … reading for pleasure’, from a UK website that contains some useful ideas and further links: http://www.theguardian.com/teacher-network/teacher-blog/2013/dec/16/reading-for-pleasure-reluctant-readers-schools-resources
- N’Namdi, K.A. (2005) *Guide to Teaching Reading at the Primary School Level*. Paris: UNESCO.
- *New Approaches to Literacy Learning* by V. Elaine Carter: http://unesdoc.unesco.org/images/0012/001257/125767eb.pdf
- Film Gattu
- Blossoms– English Text Book for Class VII–West Bengal Board of Secondary Education

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Clark, C. and De Zoysa, S. (2011) *Mapping the Interrelationships of Reading Enjoyment, Attitudes, Behaviour and Attainment: An Exploratory Investigation*. London: National Literacy Trust.

Clark, C. and Poulton, L. (2011) *Is Four the Magic Number? Number of Books Read in a Month and Young People’s Wider Reading Behaviour*. London: National Literacy Trust.

Clark, C. and Rumbold, K. (2006) *Reading for Pleasure: A Research Overview*. London: The National Literacy Trust.

Education World (undated) 'Book review form' (online). Available from: http://www.educationworld.com/a_lesson/template/book-review.shtml (accessed 23 October 2014).

*Times of India* (2014) 'Giant wheel a monumental treat' (online), 3 October. Available from: http://timesofindia.indiatimes.com/city/delhi/Giant-wheel-a-monumental-treat/articleshow/44155864.cms (accessed 23 October 2014).

# কৃতজ্ঞতাস্বীকার

এই বিষয়বস্তু ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন – শেয়ারঅ্যালাইক লাইসেন্স এর অধীনে উপলব্ধ (http://creativecommons.org/licenses/by-sa/3.0/), যদি না অন্যভাবে চিহ্নিত হয়। TESS-India, OU এবং UKAID লোগোগুলোর ব্যবহার এই লাইসেন্সের অন্তর্ভুক্ত নয়, এগুলো শুধুমাত্র TESS-India প্রোজেক্টের ভিতরে অপরিবর্তিতভাবে ব্যবহার করা যায়।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও শিক্ষার্থীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।